

## া রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু'আ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ক্রোধ নিয়ন্ত্রণের যিকর

যিকর নং ১৬৭ : ক্রোধ নিয়ন্ত্রণের যিকর

أعوذ بالله من الشيطان الرجيم

উচ্চারণঃ আ'উযু বিল্লা-হি মিনাশ শাইত্বা-নির রাজীম।

অর্থঃ আমি আল্লাহর আশ্রয় গ্রহণ করছি বিতাড়িত শয়তান থেকে।

সুলাইমান ইবনু সুরাদ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন, এই কথাগুলি বললে ক্রোধান্বিত ব্যক্তির ক্রোধ দূরীভূত হবে।[1]

ইতোপূর্বে আমরা ক্রোধের ক্ষতি এবং ক্রোধ দমনের পুরস্কারের বিষয়ে আলোচনা করেছি। আমরা দেখেছি যে, ক্রোধের সময় ক্রোধ দমন করা এবং যার উপরে রাগ হয়েছে তাকে ক্ষমা করা মুমিনের অন্যতম বৈশিষ্ট্য এবং আল্লাহর রহমত, ক্ষমা ও জান্নাত লাভের অন্যতম পথ। কাজেই মুমিনের উচিত ক্রোধ অনুভব করলে অর্থের দিকে লক্ষ্য করে এই বাক্যটি বারবার বলা। আল্লাহ আমাদেরকে শয়তানের অশুভ প্ররোচনা থেকে রক্ষা করেন।

## ফুটনোট

[1] সহীহ বুখারী ৫/২২৪৮, ২২৬৭, নং ৫৭০১, ৫৭৬৪, সহীহ মুসলিম ৪/২০৫১, নং ২৬১০।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8838

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন